দৈনিক ইত্তেফাক

তারিখ ...13 JUN 1996
পৃষ্ঠা ...৩... কলাম... ৫...

# শিক্ষা মন্ত্রণালয় অর্থের প্রস্তাব দিলেও কলেজটির নির্মাণ কাজ বন্ধ

নাটোর সংবাদদাতা ॥ অর্থাভাবে নাটোরের কলম কলেজের উন্নয়ন কাজ বন্ধ হইয়া গিয়াছে। শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সিংড়া থানার কলম কলেজের উন্নয়নের জন্য ৪০ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ করা হয়। এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় কাজের দরপত্র গৃহীত হয় ১৯৯৪ সালের ৩০শে জুন। কাজ শুরু হয় ১লা সেপ্টেম্বর। উদ্বোধন করেন তৎকালীন সমাজ কল্যাণ প্রতিমন্ত্রী। কিন্তু তহবিলে টাকা না থাকার অজুহাতে ফ্যাসিলিটিজ বিভাগের রাজশাহীস্থ নির্বাহী প্রকৌশলী ২১শে সেপ্টেম্বর প্রেরিত পত্রে কাজ বন্ধ রাখার নির্দেশ দেন। ইত্যবসরে

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষা মন্ত্রণালয়

(৩য় পৃঃ পর)

সংশ্লিষ্ট ঠিকাদার নির্মাণ কাজে প্রায় পাঁচ লক্ষ টাকা খরচ করে ফেলে এবং আরও কিছু মালামাল কলেজে মজুত রাখা হয়। বর্তমানে মালামাল গুলি চুরি হইয়া যাইতেছে।

একই কারণে শিক্ষা বিভাগ হইতে চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর সোলেমান মিয়া ডিগ্রী কলেজ, পাবনার আটঘোরিয়া কলেজ, নাটোরের রাইশা কলেজ, লালপুর কলেজ, পাবনার নিজামউদ্দিন আসগর আলী কলেজ, রাজশাহীর ফজর আলী মোল্লা কলেজ, আবদুল গনি কলেজ, নওগাঁর আদিবাসী স্কুল ও কলেজ ও শেরে বাংলা কলেজের নির্মাণ কাজ বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে অধিকাংশ কলেজের কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা হইলেও কলম কলেজের কাজ শুরু হয় নাই। শিক্ষা মন্ত্রণালয় রাজস্ব তহবিলের সাশ্রয়কৃত অর্থ হইতে এই কাজ সম্পন্ন করার প্রস্তাব দিলেও উহা কার্যকর হয় নাই। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটিতেছে।